



# জনসংযোগ অফিস

## বরিশাল বিশ্ববিদ্যালয়

কর্ণকাঠী, বরিশাল সদর, বরিশাল-৮২০০

ফোনঃ ০৪৩১-৬১২১২-১৩৫০(এক্স) মোবাঃ ০১৭১১-০০১৯০৫ E-mail: b.university.pro@gmail.com, Web: www.bu.ac.bd



### প্রেস রিলিজ

#### বরিশাল বিশ্ববিদ্যালয়ে

#### "বঙ্গবন্ধুর বিজ্ঞান দর্শন ও আজকের বাংলাদেশ" শীর্ষক ওয়েবিনার অনুষ্ঠিত

বরিশাল বিশ্ববিদ্যালয়, ২৫ ডিসেম্বর ২০২১।

বরিশাল বিশ্ববিদ্যালয়ে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্মশতবার্ষিকী ও স্বাধীনতার সুর্বজয়স্তী উদযাপনের ধারাবাহিক কর্মসূচির অংশ হিসেবে "বঙ্গবন্ধুর বিজ্ঞান দর্শন ও আজকের বাংলাদেশ" শীর্ষক ওয়েবিনার অনুষ্ঠিত হয়েছে। বিশ্ববিদ্যালয়ের গণিত বিভাগের আয়োজনে আজ ২৫ ডিসেম্বর বিকাল ৪ ঘটিকায় ওয়েবিনারটি অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি হিসেবে যুক্ত ছিলেন বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. সত্য প্রসাদ মজুমদার। বরিশাল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. মো. ছাদেকুল আরেফিন এর সভাপতিত্বে অনুষ্ঠিত ওয়েবিনারে স্বাগত বক্তা ছিলেন গণিত বিভাগের চেয়ারম্যান চিন্ময়ী পোদার। বক্তব্য রাখেন গণিত বিভাগের শিক্ষার্থী তাসফিক হাসান লিংকন ও সুমাইয়া হাসান চুমকী। ওয়েবিনারে প্রধান অতিথির বক্তব্যে ড. সত্য প্রসাদ মজুমদার বলেন, একটি বিজ্ঞানসম্মত ও আধুনিক জাতি গঠনের লক্ষ্যে আমৃত্যু কাজ করে গেছেন জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান। বেতবুনিয়ায় ভূ-উপগ্রহ কেন্দ্র স্থাপনের মাধ্যমে বাংলাদেশে ডিজিটালাইজেশনের বীজ বপন করে গিয়েছিলেন বঙ্গবন্ধু। মূলত বঙ্গবন্ধুই প্রথম ডিজিটাল বাংলাদেশ গড়ার স্বপ্ন দেখেছিলেন। জাতির পিতার সে স্বপ্নকে বাস্তবে রূপ দিয়েছেন তাঁরই সুযোগ্য কন্যা বর্তমান সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা। বঙ্গবন্ধুর স্বপ্নের সোনার বাংলা বিনির্মাণে নিরলস কাজ করে যাচ্ছেন তিনি। শেখ হাসিনার নেতৃত্বে বাংলাদেশ আজ উন্নয়নের রোল মডেল। ওয়েবিনারে বরিশাল বিশ্ববিদ্যালয়ের গনিত বিভাগের শিক্ষক, শিক্ষার্থীসহ অন্যান্যরা যুক্ত ছিলেন। ওয়েবিনারটি সম্পূর্ণ করেন গণিত বিভাগের সহকারী অধ্যাপক ড. বিজন কৃষ্ণ সাহা এবং গণিত বিভাগের প্রভাষক ড. মহেরু জাহান রূপা।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

উপ-পরিচালক (চ.দা.)  
জনসংযোগ অফিস